

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, জানুয়ারি ২৬, ২০২৫

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

সংশোধনী প্রজ্ঞাপন

তারিখ: ০৫ মাঘ ১৪৩১/ ১৯ জানুয়ারি ২০২৫

নং ১৭.০০.০০০০.০২৬.৩২.০২৪.২২-৫০—ভোটার তালিকা হালনাগাদ কার্যক্রম এর সংশোধনকারী কর্তৃপক্ষ নিয়োগ উপলক্ষে নির্বাচন কমিশন সচিবালয় হতে ২৯ ডিসেম্বর ২০২৪ খ্রিষ্টাব্দ/১৪ পৌষ ১৪৩১ বঙ্গাব্দ তারিখে জারীকৃত এবং জানুয়ারি ১, ২০২৫ তারিখে বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় প্রকাশিত উক্ত সচিবালয়ের নং ১৭.০০.০০০০.০২৬.৩২.০২৪.২২-৩৯৭ নম্বর স্মারক সম্বলিত প্রজ্ঞাপনে নিম্নে বর্ণিত সংশোধনী আনয়ন করা হইল :

“গেজেটের ৯ নং পৃষ্ঠায় ফরিদপুর অঞ্চলের ১৫নং ক্রমিকের ৪নং কলামে উল্লিখিত সংশোধনকারী কর্তৃপক্ষ হিসাবে নিয়োগকৃত কর্মকর্তা “জেলা নির্বাচন কর্মকর্তা, গোপালগঞ্জ” এর ৫নং কলামে উল্লিখিত নির্ধারিত এলাকা/অধিক্ষেত্র এর সাথে “এবং মকসুদপুর উপজেলার আওতাভুক্ত সকল ভোটার এলাকা” শব্দসমূহ সংযোজিত হইবে এবং একই ক্রমিকের ৪নং কলামে উল্লিখিত সংশোধনকারী কর্তৃপক্ষ হিসাবে নিয়োগকৃত “অতিরিক্ত আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা-২, ফরিদপুর” এবং ৫নং কলামে উল্লিখিত নির্ধারিত এলাকা/অধিক্ষেত্র হিসাবে উল্লিখিত এন্ড্রিসমূহ বিলুপ্ত হইবে।

“গেজেটের ৯ নং পৃষ্ঠায় ফরিদপুর অঞ্চলের ১৬নং ক্রমিকের ৪নং কলামে উল্লিখিত সংশোধনকারী কর্তৃপক্ষ হিসাবে নিয়োগকৃত কর্মকর্তা “জেলা নির্বাচন কর্মকর্তা, মাদারীপুর” এর ৫নং কলামে উল্লিখিত নির্ধারিত এলাকা/অধিক্ষেত্র এর সাথে “এবং রাজৈর উপজেলার আওতাভুক্ত সকল ভোটার এলাকা” শব্দসমূহ সংযোজিত হইবে।

“গেজেটের ১৩নং পৃষ্ঠায় কুমিল্লা অঞ্চলের ৩৬নং ক্রমিকের ৪নং কলামে উল্লিখিত সংশোধনকারী কর্তৃপক্ষ হিসাবে নিয়োগকৃত “অতিরিক্ত জেলা নির্বাচন কর্মকর্তা, চাঁদপুর” এর স্থলে “অতিরিক্ত আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, কুমিল্লা-২” প্রতিস্থাপিত হইবে।

“গেজেটের ১৫নং পৃষ্ঠায় খুলনা অঞ্চলের ৪৮নং ক্রমিকের ৪নং কলামে উল্লিখিত সংশোধনকারী কর্তৃপক্ষ হিসাবে নিয়োগকৃত কর্মকর্তা “জেলা নির্বাচন কর্মকর্তা, বাগেরহাট” এর ৫নং কলামে উল্লিখিত নির্ধারিত এলাকা/অধিক্ষেত্র এর সাথে “এবং মোড়েলগঞ্জ উপজেলার আওতাভুক্ত সকল

(৬৫৯)

মূল্য : টাকা ৪.০০

ভোটার এলাকা” শব্দসমূহ সংযোজিত হইবে। একই ক্রমিকের ৪নং কলামে উল্লিখিত সংশোধনকারী কর্তৃপক্ষ হিসাবে নিয়োগকৃত কর্মকর্তা “অতিরিক্ত জেলা নির্বাচন কর্মকর্তা, বাগেরহাট” এর ৫নং কলামে উল্লিখিত নির্ধারিত এলাকা/অধিক্ষেত্র এর সাথে “এবং শরনখোলা উপজেলার আওতাভুক্ত সকল ভোটার এলাকা” শব্দসমূহ সংযোজিত হইবে এবং একই ক্রমিকের ৪নং কলামে উল্লিখিত সংশোধনকারী কর্তৃপক্ষ হিসাবে নিয়োগকৃত “অতিরিক্ত আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা-২, খুলনা অঞ্চল, খুলনা” এবং এর ৫নং কলামে উল্লিখিত নির্ধারিত এলাকা/অধিক্ষেত্র হিসাবে উল্লিখিত এন্ড্রিসমূহ বিলুপ্ত হইবে।

“গেজেটের ১৫নং পৃষ্ঠায় খুলনা অঞ্চলের ৪৯নং ক্রমিকের ৪নং কলামে উল্লিখিত সংশোধনকারী কর্তৃপক্ষ হিসাবে নিয়োগকৃত কর্মকর্তা “জেলা নির্বাচন কর্মকর্তা, সাতক্ষীরা” এর ৫নং কলামে উল্লিখিত নির্ধারিত এলাকা/অধিক্ষেত্র এর সাথে “এবং শ্যামনগর ও কালীগঞ্জ উপজেলার আওতাভুক্ত সকল ভোটার এলাকা” শব্দসমূহ সংযোজিত হইবে।

“গেজেটের ১৭নং পৃষ্ঠায় সিলেট অঞ্চলের ৫৬নং ক্রমিকের ৪নং কলামে উল্লিখিত সংশোধনকারী কর্তৃপক্ষ হিসাবে নিয়োগকৃত কর্মকর্তা “জেলা নির্বাচন কর্মকর্তা, সিলেট” এর ৫নং কলামে উল্লিখিত নির্ধারিত এলাকা/অধিক্ষেত্র হতে “দক্ষিণ সুরমা,” শব্দসমূহ বিলুপ্ত হইবে। একই ক্রমিকের ৪নং কলামে উল্লিখিত সংশোধনকারী কর্তৃপক্ষ হিসাবে নিয়োগকৃত কর্মকর্তা “ অতিরিক্ত আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা-১, সিলেট” এর ৫নং কলামে উল্লিখিত নির্ধারিত এলাকা/অধিক্ষেত্র হতে “ওসমানীনগর,” শব্দটি বিলুপ্ত হইবে। একই ক্রমিকের ৪নং কলামে উল্লিখিত সংশোধনকারী কর্তৃপক্ষ হিসাবে নিয়োগকৃত কর্মকর্তা “অতিরিক্ত আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা-২, সিলেট” এর ৫নং কলামে উল্লিখিত নির্ধারিত এলাকা/অধিক্ষেত্র হতে “গোলাপগঞ্জ” শব্দটি বিলুপ্ত হইবে। একই ক্রমিকে ৪নং কলামে নতুন সারি তৈরি করে “অতিরিক্ত জেলা নির্বাচন কর্মকর্তা, সিলেট” সংশোধনকারী কর্তৃপক্ষ হিসাবে নতুনভাবে অন্তর্ভুক্ত হবে এবং ৫নং কলামে “সিলেট জেলার দক্ষিণ সুরমা, ওসমানীনগর, এবং গোলাপগঞ্জ উপজেলার আওতাভুক্ত সকল ভোটার এলাকা” শব্দসমূহ নতুন সৃষ্টি সারিতে অন্তর্ভুক্ত হবে।

“গেজেটের ১৮নং পৃষ্ঠায় চট্টগ্রাম অঞ্চলের ৬০নং ক্রমিকের ৪নং কলামে উল্লিখিত সংশোধনকারী কর্তৃপক্ষ হিসাবে নিয়োগকৃত কর্মকর্তা “আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, চট্টগ্রাম অঞ্চল, চট্টগ্রাম” এর ৫নং কলামে উল্লিখিত নির্ধারিত এলাকা/অধিক্ষেত্র এর সাথে “এবং বাঁশখালী উপজেলার আওতাভুক্ত সকল ভোটার এলাকা” শব্দসমূহ সংযোজিত হইবে। একই ক্রমিকের ৪নং কলামে উল্লিখিত সংশোধনকারী কর্তৃপক্ষ হিসাবে নিয়োগকৃত কর্মকর্তা “অতিরিক্ত আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা-১, চট্টগ্রাম অঞ্চল, চট্টগ্রাম” এর ৫নং কলামে উল্লিখিত নির্ধারিত এলাকা/অধিক্ষেত্র এর সাথে “এবং মিরসরাই ও চন্দনাইশ উপজেলার আওতাভুক্ত সকল ভোটার এলাকা” শব্দসমূহ সংযোজিত হইবে। একই ক্রমিকের ৪নং কলামে উল্লিখিত সংশোধনকারী কর্তৃপক্ষ হিসাবে নিয়োগকৃত কর্মকর্তা “সিনিয়র জেলা নির্বাচন কর্মকর্তা, চট্টগ্রাম” এর ৫নং কলামে উল্লিখিত নির্ধারিত এলাকা/অধিক্ষেত্র এর সাথে “এবং সন্দ্বীপ ও রাউজান উপজেলার আওতাভুক্ত সকল ভোটার এলাকা” শব্দসমূহ সংযোজিত হইবে এবং একই ক্রমিকের ৪নং কলামে উল্লিখিত সংশোধনকারী কর্তৃপক্ষ হিসাবে নিয়োগকৃত “অতিরিক্ত আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা-২, চট্টগ্রাম অঞ্চল, চট্টগ্রাম” এবং এর ৫নং কলামে উল্লিখিত নির্ধারিত এলাকা/অধিক্ষেত্র হিসাবে উল্লিখিত এন্ড্রিসমূহ বিলুপ্ত হইবে।

নির্বাচন কমিশনের আদেশক্রমে

মোঃ মাহবুব আলম শাহ্
উপসচিব (নিঃসঃ ও সঃ)।